যুগান্তর

তারিখ 01 JUL 2013
পৃষ্ঠা ... কলাম ...

বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়

# ১৬৭ কোটি ২৯ লাখ টাকার বাজেট ঘোষণা

**যুগান্তর রিপোর্ট**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ২০১৩-১৪ অর্থবছরের জন্য ১৬৭ কোটি ২৯ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গত বছর এ বাজেটের পরিমাণ ছিল ১৫০ কোটি ৪৭ লাখ ১৭ হাজার টাকা। রোববার বিশ্ববিদ্যালয়ের ডা. মিল্টন হলে অনুষ্ঠিত ৫০তম সিন্ডিকেটের সভায় কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. জুলফিকার রহমান খান এ বাজেট ঘোষণা করেন। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ডা. প্রাণগোপাল দত্ত। সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় সংলগ্ন হাসপাতালের জন্য ১০৫ কোটি এবং বিশ্ববিদ্যালয়ের জন্য ৬২ কোটি ২৯ লাখ টাকার বাজেট অনুমোদন দেয়া হয়েছে। এর মধ্যে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ১০০ কোটি ১৬ লাখ, পেনশন মঞ্জুরি বাবদ ৭ কোটি ৫৩ লাখ, সরবরাহ আনুষঙ্গিক ৩৬ কোটি ২৫ লাখ এবং শিক্ষা আনুষঙ্গিক ও মূলধন মঞ্জুরি বাবদ ২৩ কোটি ৩৫ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ডা. মোহাম্মদ শহিদুল্লাহ, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ডা. রুহুল আমিন মিয়া, সিন্ডিকেট সদস্য অধ্যাপক একেএম আনোয়ারুল আজিম, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ওএম বদরুদ্দোজা, বিএমএ'র সভাপতি ইকবাল মোহসেন চৌধুরী, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এবিএম মাকসুদুল আলম, বিসিপিএস সভাপতি অধ্যাপক ডা. এমএকেএম গোলাম কিবরিয়া, বিএমডিসির সভাপতি অধ্যাপক ডা. আবু শফি আহমেদ আমিন, বিশ্ববিদ্যালয়ের বেসিক সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, সার্জারি অনুষদের ডিন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, নার্সিং অনুষদের ডিন অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, বিশ্ববিদ্যালয়ের চক্ষু বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ হিফজুর রহমান ভূঞা, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবদুল মজিদ ভূঁইয়া, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ডা. মোঃ আসাদুল ইসলাম, ডা. শবনম আক্তারসহ সিন্ডিকেটের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।